# আল-ফিকহুল আকবর

বিভাগ/অধ্যায়ঃ আল-ফিকহুল আকবারের বঙ্গানুবাদ ও ব্যাখ্যা

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৩. হিসাব, মীযান, জান্নাত ও জাহান্নাম

আমরা দেখেছি যে, ইমাম আবূ হানীফা (রাহ) ঈমানের আরকানগুলি উল্লেখ করার পর বলেছেন: ‘‘এবং হিসাব, মীযান, জান্নাত, জাহান্নাম এ সবই সত্য’’।

এ কথার মাধ্যমে তিনি ‘‘আখিরাতের ঈমানের’’ বিশেষ কয়েকটি দিক উল্লেখ করেছেন। আমরা দেখেছি যে, আখিরাতে বিশ্বাস করার অর্থ কুরআন ও সহীহ হাদীসে আখিরাতের বিষয়ে যা কিছু বলা হয়েছে তা সর্বান্তকরণে বিশ্বাস করা। এগুলোর মধ্যে হিসাব, মীযান, জান্নাত ও জাহান্নামের বিশ্বাস অন্যতম। এ জাতীয় কিছু বিষয় ইমাম আবু হানীফা, রাহিমাহুল্লাহ, পরবর্তীতে পুনরায় উল্লেখ করবেন এবং আমরা তা পর্যালোচনা করব ইনশা আল্লাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7109

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন